

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
রাষ্ট্রায়ন প্রতিষ্ঠান-৪ অধিশাখা  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)


নং-০৭.০০.০০০০.১২৯.০০.০০১.২১-৮৩

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ।  
২৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ স্বায়ত্ত্বাসিত/স্ব-শাসিত প্রতিষ্ঠান/সংবিধিবদ্ধ সংস্থার চাকরি প্রবিধানমালা প্রণয়নে অর্থ বিভাগের মতামত গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আইন দ্বারা প্রতিষ্ঠিত বিভিন্ন স্বায়ত্ত্বাসিত/স্ব-শাসিত প্রতিষ্ঠান/সংবিধিবদ্ধ সংস্থা/কর্পোরেশনের প্রবিধানমালা প্রণয়নকালে ভবিষ্য তহবিল/পেনশন/আনুতোষিকসহ অন্যান্য আর্থিক সংশ্লেষ সংক্রান্ত বিষয় প্রবিধানমালায় অন্তর্ভুক্ত করণের ক্ষেত্রে Rules of Business, 1996 অনুযায়ী অর্থ বিভাগের মতামত গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু প্রতিষ্ঠান প্রবিধানমালা প্রণয়নের ক্ষেত্রে অর্থ বিভাগের মতামত গ্রহণ না করেই এসংক্রান্ত প্রবিধানমালা জারি করছে। ফলে সমজাতীয় প্রতিষ্ঠান/সংস্থাসমূহের আর্থিক বিষয়াদির মধ্যে ভিন্নতা সৃষ্টি হচ্ছে।

০১। এমতাবস্থায়, স্বায়ত্ত্বাসিত/স্ব-শাসিত প্রতিষ্ঠান/সংবিধিবদ্ধ সংস্থা/কর্পোরেশন কর্তৃক প্রবিধানমালা প্রণয়নকালে ভবিষ্য তহবিল/পেনশন/আনুতোষিকসহ অন্যান্য আর্থিক সংশ্লেষ সংক্রান্ত বিষয়ে অর্থ বিভাগের মতামত গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মহম্মদ রবিউল ইসলাম)

যুগ্ম সচিব

ফোনঃ ০২-২২৩৩৫৭২৪১

ই-মেইল: rabiuli@finance.gov.bd

বিতরণ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব/সচিব-  
----- (সকল)
০৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে অফিস স্মারকটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. অফিস কপি।